

# NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



প্রতিটি শিক্ষার্থী যেন একজন দক্ষ পাঠক হয়ে উঠে তা নিশ্চিতকরণ

প্রিয় নিউ ইয়র্কবাসী:

কোনো শিক্ষার্থীর শিক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ মাইলফলকগুলোর একটি হচ্ছে পড়তে শেখা, কিন্তু বহু শিক্ষার্থী অবহেলিত হয়েছে এবং এই ভিত্তিপ্রস্তরমূলক দক্ষতাটি গড়ে তুলতে প্রয়োজনীয় সহায়তা পায়নি। ভালভাবে পড়তে শেখার এই বাধা... এবং অন্য যেকোনো বাধা দূর করতে আমরা কঠোর পরিশ্রম করে যাচ্ছি।

এই শিক্ষা বছর, আমরা পাঁচ বরোজুড়ে ক্লাসরুমগুলোতে একটি সাক্ষরতার পাইলট শুরু করেছি। এটা যেসব শিক্ষার্থী ঝুঁকিতে রয়েছে তাদের শনাক্ত করতে এবং তাদের সফল হবার জন্য সুনির্দিষ্ট হস্তক্ষেপ প্রদান করতে ডিজাইনকৃত, সাক্ষরতার চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য এই ধরনের সর্বপ্রথম বিশদ পদক্ষেপ।



এবং 9 ফেব্রুয়ারি, অ্যাসেমব্লি মেম্বার রবার্ট ক্যারল (Robert Carroll) এবং আমি যেসব শিক্ষার্থীর ডিসলেক্সিয়া এবং অন্যান্য ভাষাভিত্তিক শিক্ষণ প্রতিবন্ধকতা রয়েছে তাদের জন্য বিশেষায়িত কর্মসূচিতে \$100,000 বিনিয়োগ ঘোষণা করেছি।

এই অনুদানের বদৌলতে, ব্রুকলিনের কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 15-এর PS 107 এবং PS 295 আমাদের উদ্ভাবনী স্ট্রাকচারড লিটারেসি স্কুল (কাঠামোগত সাক্ষরতার স্কুল) পাইলটে যোগ দেবে। যেসব শিক্ষার্থী ডিসলেক্সিয়ার ঝুঁকিতে আছে বা শনাক্ত হয়েছে, তাদেরকে সুনির্দিষ্ট ছোট দলে পৃথক ক্লাসে শিক্ষা-নির্দেশনা দেয়ার জন্য অতিরিক্ত বিশেষজ্ঞ স্টাফের পাশাপাশি এসব স্কুলের শিক্ষাবিদগণ প্রমাণ-ভিত্তিক পাঠ বা রিডিং বিষয়ক শিক্ষা-নির্দেশনার উপর বিশদ প্রশিক্ষণ পাবেন।

আমাদের পূর্ব সফলতার উপর গড়ে তোলার এবং বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা পাইলট ধাপে ধাপে বৃদ্ধি করার মাধ্যমে, আমাদের স্কুলগুলো একটি সফল যাত্রার সূচনা করে দিচ্ছে...এবং সফল পাঠক ও আত্মবিশ্বাসী শিক্ষার্থী হিসেবে তাদেরকে দৃঢ় ভবিষ্যতের জন্য প্রস্তুত করছে।

উচ্চ প্রত্যাশাসহ,  
ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)  
স্কুলস্ চ্যান্সেলর

ভিডিও:

এই সপ্তাহে, আমরা আনন্দের সাথে PS+You-এর সাথে সংক্ষিপ্ত ভিডিও যোগ করছি—চ্যান্সেলর ব্যাঙ্কের পক্ষ থেকে ইনস্ট্যাগ্রাম রিলস্ এবং [মেয়র এরিক অ্যাডামসের সাপ্তাহিক ভিডিও](#)। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, [তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

ইউটিউবের স্বয়ংক্রিয় অনুবাদ বা অটো ট্রান্সলেশন-এর মাধ্যমে এই ভিডিওর অনুবাদ লভ্য আছে।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।